

উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম অক্টোবর/২০২১ইং মাসে অনুষ্ঠিত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।

সভার তারিখ ও সময় : ২৪/১০/২০২১খ্রিঃ ১১.০০ ঘটিকা।

সভার স্থান : উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স মিলনায়তন, রাঙ্গুনিয়া।

সভার উপস্থিত সদস্যবৃন্দের নাম :

- ১। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম - সভাপতি।
- ২। চেয়ারম্যান, চন্দ্রঘোনা ইউনিয়ন পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম - সদস্য।
- ৩। চেয়ারম্যান, পারুয়া ইউনিয়ন পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম - সদস্য।
- ৪। চেয়ারম্যান, বেতাগী ইউনিয়ন পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম - সদস্য।
- ৫। প্রধান শিক্ষক, মরিয়ম নগর সরকারী প্রাথমিক বিদ্যালয়, রাঙ্গুনিয়া, - সদস্য।
- ৬। মোঃ রাসেল চৌধুরী, সমাজ সেবক, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম - সদস্য।
- ৭। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম - সদস্য সচিব।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা পরিচালনায় সকলের সহযোগিতা কামনা করে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃনং	বিষয়	আলোচনার বিষয়বস্তু	সিদ্ধান্ত/বাস্তবায়ন
১।	হাসপাতালে বিভিন্ন সেক্টরে জনবল স্বল্পতার আলোচনা ও সিদ্ধান্ত	উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটির সভাপতি হাসপাতাল ব্যবস্থাপনার বিভিন্ন সমস্যা সমূহ নিয়া আলোকপাত করেন। সেবাদান কার্যক্রমের সমস্যা সমূহের মধ্যে জনবলের স্বল্পতাকে প্রধান সমস্যা হিসাবে চিহ্নিত করেন। এ ব্যাপারে উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা ও কমিটির সদস্য সচিবকে জনবল সমস্যা নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পরামর্শ প্রদান করেন। সদস্য সচিব কর্মকর্তা/কর্মচারীদের স্বল্পতার তথ্য সেক্টর ওয়ারী উপস্থাপন করেন। তিনি জনবল স্বল্পতাকে জরুরীভাবে নিরসনের ব্যাপারে সকলের দৃষ্টি আকর্ষণ করেন। এ ব্যাপারে উপস্থিত সকল সদস্যবৃন্দ বিষয়টি সংশ্লিষ্ট উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের একমত পোষণ করেন।	হাসপাতালের সেবা কার্যক্রম নির্বাহ করা জনবল সংক্রান্ত বিষয়টি জরুরী ভিত্তিতে সংশ্লিষ্ট উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট অবহিত করণের সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলের সার্বিক সহযোগিতা কামনা করে সভা সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

সভাপতি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি

ও

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া।

তারিখ- ২৪/১০/২০২১ইং।

স্মারক নং- উপঃস্বঃকমঃ/রাঙ্গু/চট্ট/২০২১/৪৮০৭/৭(৩)

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।

২। উপজেলা নির্বাহী অফিসার, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।

৩। জনাব

৪। অফিস কপি।

স্বাক্ষরিত/-

উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা

ও

সদস্য সচিব

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি

উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া।

২৪/১০/২১